

বাংলা ট্রিবিউন

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ‘জেন্ডার অ্যান্ড পাবলিক স্পেস’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশিত: ২০:০৯, জুলাই ২৪, ২০১৮ | সর্বশেষ আপডেট: ২০:১৬, জুলাই ২৪, ২০১৮



পাবলিকবাস, পার্ক, স্মৃতিস্মারক, বাজারেরমতোজায়গাগুলোকেসর্বসাধারণেরচলাচলে রস্থানবাপাবলিকস্পেসবলাহলেওসেগুলোতেনারীদেরচলাচলবাধাহীননয়।পাবলিকস্পেসগুলোতেনারীহয়রানিএকেবারেস্বাভাবিকঘটনায়পরিণতহয়েছে।নারীক্ষমতায়নওমুক্তিতেএটাএকটাবড়বাধা।বৈষম্যমুক্তসমাজগড়েতেপাবলিকস্পেসেনারীরঅংশগ্রহণওবিচরণঅবাধনিশ্চিতকরতেহবে।তাহলেইগড়েউঠবেসুন্দরআগামীরভবিষ্যৎ।ব্র্যাকবিশ্ববিদ্যালয়েগ্লোবালডেভেলপমেন্টলার্নিংনেটওয়ার্ক (জিডিএলএন) সেন্টারে ‘জেন্ডারঅ্যান্ডপা

বলিকস্পেস' শীর্ষকসেমিনারেএভাবেইবৈষ্যম্যহীন, সুখীওসমৃদ্ধশালীবাংলাদেশেরস্বপ্নদ
খোলনেএকদলতাত্ত্বিক।

সোমবার (২৩ জুলাই) ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মহাখালী ক্যাম্পাসে 'জেন্ডার অ্যান্ড পাবলিক স্পেস'
শীর্ষক সেমিনারের আয়োজন করে আর্কিটেকচার বিভাগ ও 'সেন্টার ফর ইনক্লুসিভ
আর্কিটেকচার অ্যান্ড আরবানিজম'। পাবলিক স্পেসগুলোতে নারী-পুরুষের সমানুতা বজায়
রাখার মাধ্যমে নারীর অগ্রযাত্রার প্রবাহমানতা জোরদার করাই ছিল এই সিম্পোজিয়ামের মূল
বিষয়।

'জেন্ডার অ্যান্ড পাবলিক স্পেস' শীর্ষক সিম্পোজিয়ামে উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের
আর্কিটেকচার বিভাগের সহকারী অধ্যাপক ড. হুরায়রা জাবিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের
ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলাম সেন্টার ফর
আরবান স্টাডিজের বিশেষজ্ঞ স্থপতি সালমা এ শফি, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের 'স্কুল অফ ল' এর
প্রফেসর সায়রা আর খান, ব্র্যাক ইনস্টিটিউট অফ গর্ভনেস অ্যান্ড ডেভেলপমেন্ট এর ভিজিটিং
ফেলো মাহিন সুলতান, অ্যাকশন এইডের 'উইম্যান রাইট অ্যান্ড জেন্ডার ইকুইটি' বিভাগের
ম্যানেজার কাশফিয়া ফিরোজ, হেলথ ব্রিজের আঞ্চলিক পরিচালক ও ডব্লিউবিবি ট্রাস্টের
উপদেষ্টা ডেবরা এফ্রয়েমসন, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগের সহকারী অধ্যাপক
শেখ রুবাইয়া সুলতানা, বাংলাদেশ ইনস্টিটিউট অফ প্ল্যানার্সের সভাপতি একেএম আবদুল
কালাম, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগের চেয়ারপার্সন ড. আদনান জিল্লুর এবং
ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইংলিশ অ্যান্ড হিউম্যানিটিজ বিভাগের চেয়ারপার্সন ড. ফেরদৌস আজিম।